

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০০.০১১.১১.০০০১(অংশ-১).২৫-১৪৫

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

৯ম এনটিআরসিএ (শিক্ষক) নিয়োগের লক্ষ্যে e-Requisition সংক্রান্ত বিজ্ঞপ্তি
(শুধুমাত্র MPO পদের জন্য প্রযোজ্য)

৯ম এনটিআরসিএ (শিক্ষক) নিয়োগের লক্ষ্যে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে এমপিওভুক্ত শূন্যপদের e-Requisition সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

- ১। **শূন্যপদের সময়সীমা: ৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত** শূন্যপদের চাহিদা।
- ২। **e-Requisition প্রদানের সময়: ৩১ মার্চ ২০২৬ তারিখ থেকে ১২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে** অনলাইনে প্রদান করতে হবে। e-Requisition প্রদানের পর পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে ফি ২০০/- টাকা জমা প্রদান করতে হবে।
- ৩। এনটিআরসিএ-তে নিবন্ধনকৃত সকল শিক্ষাপ্রতিষ্ঠানকে অনলাইনে চাহিদা প্রদান করতে হবে। পূর্বে জারিকৃত কোন নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় প্রদত্ত অনলাইনে চাহিদা কোনভাবেই বহাল থাকবে না। অফলাইনে, হার্ডকপিতে অথবা ই-মেইলে কোন চাহিদা গ্রহণযোগ্য হবে না।
- ৪। এনটিআরসিএ এর আইন ২০০৫ এবং পরিপত্র অনুসারে এমপিওভুক্ত শূন্যপদের ক্ষেত্রে **ই-রিকুইজিশন করা বাধ্যতামূলক। অন্যথায় প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের এমপিও বাতিলকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণা করা হবে।**
- ৫। প্রতিষ্ঠানপ্রধানগণ তাদের নিজস্ব User ID এবং Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে অথবা NTRCA ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) **ই-রিকুইজিশন** নামক সেবা বক্সের **ই-রিকুইজিশন লগইন** অপশনে ক্লিক করে e-Requisition প্ল্যাটফরমে প্রবেশ করত অনলাইন ফরমটি পূরণপূর্বক শুধুমাত্র এমপিওভুক্ত শূন্যপদের অনলাইনে চাহিদা প্রেরণ করবেন। উল্লেখ্য, e-Requisition ফরমটি পূরণের সময় এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রদর্শিত **ই-রিকুইজিশন সংক্রান্ত নির্দেশিকাটি** যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(তাসনিম জেব্রিন বিনতে শেখ)
পরিচালক (শিক্ষাতন্ত্র ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১.